

# আধুনিক শিক্ষার মান তৈরিতে কাজ করে যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:২৪, ২৪ নভেম্বর ২০২৪



“সময় এসেছে দেশের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনের। যে শিক্ষা ব্যবস্থা বেকারত্ব তৈরি করে, যে শিক্ষা গ্রহণের পর দেশের সন্তানেরা বাইরে গিয়ে ন্যূনতম আয় করে, সে শিক্ষার প্রয়োজন নেই। শিক্ষা হতে সময়োপযোগী, আধুনিক।”

UNIBOTS

কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার ইলিয়টগঞ্জ ইউনিয়নে ড. মোশাররফ ফাউন্ডেশন কলেজের নবীনবর ২০২৪-২৫ এর অনুষ্ঠানে এ কথা বলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ প্রধান অতিথির বক্তব্য প্রদানের সময় তিনি বলেন, “ শহিদের রক্ত বৃথা যাবে না। তাদের রক্তের উপর যে নতু বাংলাদেশ আজ দাড়িয়ে আছে, তাকে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব আমাদের।”

ড. আমানুল্লাহ বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয় নতুন কারিকুলাম তৈরি করেছে। আর সেই কারিকুলামের আলোতে পরিবর্তন আসবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রমে।”

“মূল শিক্ষাক্রমের পাশাপাশি শিক্ষার্থীরা এখন থেকে বাধ্যতামূলকভাবে অধ্যয়ন করবে তাদের পছন্দের কারিগরি বা অন্য কোন বিকল্প শিক্ষা। এতে করে শিক্ষা লাভের পর দেশে-বিদেশে সে নিজেকে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে পারবে। নির্ভরতা কমবে চাকুরির উপর” বলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা দেন কুমিল্লার জেলা প্রশাসক মোঃ আমিরুল কায়ছার ও কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ নিজামুল করিম। অনুষ্ঠানটির সভাপতি করেন ড. মোশাররফ ফাউন্ডেশন কলেজের গভর্নিং বডি'র সভাপতি ড. খন্দকার মারুফ হোসেন। নবীনবর অনুষ্ঠানটির সঞ্চালনা করেন কলেজের অধ্যক্ষ মোঃ আবদুর রহমান। প্রেস বিজ্ঞপ্তি